
# আইওএস ৭-এর যেসব কৌশল ব্যবহারকারীর জানা দরকার

তাসনীম মাহ্‌মুদ

মোবাইলপ্রযুক্তি বিশ্বে বিভিন্ন ধরনের অপারেটিং সিস্টেমের মধ্যে অন্যতম জনপ্রিয় ওএস হলো অ্যাপলের নতুন আইওএস ৭, যা হলো আইওএসের প্রথম পুনরাবৃত্তি। আধুনিক তরুণ প্রজন্মের ক্রেজ হলো অ্যাপলের আইফোন। বর্তমানে সারা বিশ্বে কোটি কোটি মোবাইল ফোন ব্যবহারকারীর পছন্দের তালিকায় শীর্ষে অবস্থান করছে এটি। ছয় বছর আগে মূল আইফোন প্রথম যাত্রা শুরু করার পর উল্লেখযোগ্য আপডেট পরিলক্ষিত হয় আইওএসে।

আইওএসের যেকোনো আপডেটের সাথে সাথে বেশ কিছু নতুন আপডেট ফিচারের আবির্ভাব হতে দেখা যায়। তারই ধারাবাহিকতায় আইওএস ৭-এ আকর্ষণীয় নতুন কিছু ফিচার যুক্ত করা হয়েছে, যা ব্যবহারকারীদের ব্যাপকভাবে আকৃষ্ট করবে বললে ভুল হবে বরং বলা যায় এসব ফিচার ব্যবহারকারীদের সংগ্রহে থাকা উচিত। এ লেখায় নতুন মোবাইল অপারেটিং সিস্টেম আইওএস ৭-এ সম্পৃক্ত হওয়া সবচেয়ে ফিটফাট, সবচেয়ে চতুর, মজার এবং আকর্ষণীয় কিছু ফিচারের টিপস ও ট্রিকস নিয়ে আলোচনা করা হয়েছে।

## সুনির্দিষ্ট কলার ব্লক করা



যেসব কল নাম্বার বিরক্তিকর, ইচ্ছে করলে সেসব সুনির্দিষ্ট ফোন নাম্বারকে ব্লক করতে পারবেন। আর এ কাজটি করতে পারবেন কথোপকথনের সময় FaceTime ফিচার দিয়ে এবং আপনার ফোনে মেসেজ পাঠাতে পারবেন। কোনো কলারকে ব্লক করতে চাইলে কন্টাক্ট এন্ট্রিতে অ্যাক্সেস করে নিচের দিকে স্ক্রল করুন এবং 'Block this Caller' সিলেক্ট করুন।

## বিল্ট-ইন ইনক্লিনোমিটার ও লেভেল



আইওএস ৭-এর ক্যাম্পাস অ্যাপে সম্পৃক্ত করা হয়েছে এক চমৎকার নতুন ইউটিলিটি, যা একটি লেভেল হিসেবে কাজ করে। একটি ছবির ফ্রেম সোজাসুজি আছে কি না তা নিশ্চিত করতে এবং বিভিন্ন স্লপের অ্যাঙ্গেল পরিমাপ করতে আপনি এটি ব্যবহার করতে পারবেন।

এতে অ্যাক্সেস করতে ক্যাম্পাস অ্যাপ ওপেন করুন এবং বাম দিকে সুইপ করুন। এর ফলে ইনক্লিনোমিটার আবির্ভূত হবে এবং তা দিয়ে কাজ করতে পারবেন। যখন কোনো পরিমাপ সম্পূর্ণভাবে লেভেল হবে, তখন স্ক্রিন সবুজ বর্ণে আলোকিত হবে।

## সাফারিতে নতুন গেসচার সাপোর্ট

আইওএস ৭-এ পাবেন সাফারির সম্পূর্ণ নতুন লুক। এর সাথে পাবেন নতুন নেভিগেসনের স্কিম তথা পরিকল্পনা। আপনি গেসচার ব্যবহার করে পেজগুলোর মধ্যে



ফরোয়ার্ড এবং ব্যাকওয়ার্ড নেভিগেট করতে পারবেন। সাফারিতে আগে ভিজিট করা ওয়েবপেজে মুভ করতে চাইলে শুধু ডান দিকে সুইপ করলেই হবে। আর ফরোয়ার্ডে মুভ করতে চাইলে বাম দিকে সুইপ করতে হবে।


## সাফারিতে ট্যাব বন্ধে গেসচার ব্যবহার



অ্যাপলের বিল্ট-ইন মোবাইল ওয়েব ব্রাউজারে যখন আপনি সব ওপেন উইন্ডোতে নিবিড়ভাবে খেয়াল করবেন, তখন দেখতে পারবেন এক নতুন লেআউট। আপনি বলতে পারেন, উইন্ডো হরাইজন্টালের পরিবর্তে ভার্টিক্যালি থাকবে কি না যেমনটি দেখা যায় আইওএস ৬-এর ক্ষেত্রে।

একটি ট্যাব বন্ধ করার জন্য আপনি ওপরের বাম প্রান্তে 'x'-এ ট্যাব করতে পারেন। অথবা ট্যাবকে বাম দিকে সুইপ করতে পারেন। এর ফলে জাদুর মতো দ্রুতবেগে সরে যাবে। সবচেয়ে মজার ব্যাপার, সাফারিতে আপনি সর্বোচ্চ ২৪টি ট্যাব ওপেন করা যাবে, আগের ভার্সনে যা মাত্র ৮টিতে সীমিত ছিল।


## স্পটলাইটে অ্যাক্সেস করা



অ্যাপল সিস্টেমে সার্চের জন্য রয়েছে ব্যাপক-বিস্তৃত ইউটিলিটি, যা আইওএস ৭-এ সম্পূর্ণ পরিবর্তন করা হয়েছে। পরিবর্তিত ফিচারগুলোর মধ্যে অন্যতম একটি হলো স্পটলাইট। আইওএস ৭-এ স্পটলাইটে অ্যাক্সেস করার জন্য স্ক্রিনের মাঝখান থেকে নিচের দিকে সুইপ করুন। এর ফলে একটি সার্চ উইন্ডো আবির্ভূত হবে, যার মাধ্যমে আপনার আইওএস ডিভাইসের কনটেন্ট সার্চ করতে সক্ষম হবেন।

## আবহাওয়াসংশ্লিষ্ট অধিকতর বিস্তৃত তথ্যে অ্যাক্সেস করা

অ্যাপলের আইওএস ৭-এর ওয়েদার অ্যাপ পরিপূর্ণভাবে উন্নত করা হয়েছে। এতে বর্তমানে



আবহাওয়াসংশ্লিষ্ট আরও বিস্তারিত তথ্য সম্পৃক্ত করা হয়েছে, যেমন প্রতিঘণ্টার আবহওয়ার ডাটা। আবহাওয়াসংশ্লিষ্ট আরও অধিকতর তথ্যে অ্যাক্সেস করতে চাইলে নিউমেরিক্যাল টেম্পারেচার নির্দেশকে ট্যাপ করুন। এর ফলে আপনি পাবেন ওয়েদার ইনফো যেমন আর্দ্রতা, বৃষ্টিপাতের সম্ভাবনা, বাতাসের গতিবেগ ও প্রকৃত আবহাওয়া কেমন হবে।

## কন্ট্রোল সেন্টার

যুক্তি দেখিয়ে বলা যায়, কন্ট্রোল সেন্টার হলো আইওএস ৭-এর সেরা নতুন ফিচার। কন্ট্রোল সেন্টারে অ্যাক্সেস করার জন্য আপনাকে ডিসপ্লের শুরু থেকে সুইপ করতে হবে। এর ফলে নতুন উইন্ডো প্যান আবির্ভূত হবে। এখান থেকে আপনি তাৎক্ষণিকভাবে অ্যাক্সেস করতে পারবেন সচরাচর ব্যবহার হওয়া টোগালে যেমন এয়ারপ্লেন, ওয়াই-ফাই ও ব্লুটুথ মোডে। এটি আইটিউনে দ্রুতগতিতে অ্যাক্সেসের সুবিধা দেয়ার পাশাপাশি স্ক্রিন ব্রাইটনেস, ক্যামেরা ইত্যাদি সেটিংয়ে অ্যাক্সেসের সুবিধা দেয়।

## আইওএস ৭-এর বিল্ট-ইন ফ্ল্যাশলাইট



অ্যাপ স্টোরে খুবই জনপ্রিয় একটি অ্যাপ হলো ফ্ল্যাশলাইট। আর তাই অ্যাপল বর্তমানে এর নতুন মোবাইল ওএস আইওএস ৭-এ তৈরি করেছে একটি ফ্ল্যাশলাইট অ্যাপ। এতে অ্যাক্সেস করার জন্য কন্ট্রোল সেন্টার ওপেন করে স্ক্রিনের নিচে বাম প্রান্তে ফ্ল্যাশলাইট আইকনে ট্যাব করুন। এতে আবার ট্যাব করুন এবং এর ফলে আগের অন্ধকার রুম আইফোনের এলইডি লাইটে আলোকিত হয়ে উঠবে।

## আইওএস ৭-এ ফোল্ডারের সীমা নেই

আইওএস ৬-এ সব অ্যাপ্লিকেশনগুলোকে অর্গানাইজ তথা বিন্যাশ করার সহজতম উপায় হলো ফোল্ডার তৈরি করা। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে আইওএস ৬-এ প্রতি ফোল্ডার সর্বোচ্চ ১৬টি অ্যাপ পর্যন্ত সীমিত। তবে আইওএস ৭-এ অবস্থার উন্নয়ন করা হয়েছে।

(বাকি অংশ ৭৪ পৃষ্ঠায়)

# আইওএস ৭

*(৭৫ পৃষ্ঠার পর)*

এর ফলে বর্তমানে অসংখ্য অ্যাপ তৈরি ও ধারণ করা যাবে।

## আইওএস ৭-কে অধিকতর রিডেবল করা

আইওএস ৭ চালু করেছে নতুন সিস্টেমওয়াইড ফন্ট, যা Helvetica Neue হিসেবে পরিচিত। এ ফন্টটি চমৎকার, তবে আগের আইওএসে ব্যবহার হওয়া ফন্টের চেয়ে বেশ সূক্ষ্ম বা পাতলা। যদি কোনো আইটেমকে আপনার ডিভাইসে সামান্য বেশি রিডেবল করতে চান, তাহলে ফন্টকে বোল্ট করতে পারবেন। এ জন্য আপনাকে Settings→General→Accessibility অপশনে গিয়ে পজিশন অপশনে Bold Text-এ টোগাল করতে হবে।

## সিরি আগের যেকোনো সময়ের চেয়ে বেশি শক্তিশালী




আইওএস ৭-এ আপনি সিরি-কে ব্যবহার করতে পারবেন বেশ কয়েকটি কাজে, যা আগে সম্ভব ছিল না। উদাহরণস্বরূপ, আপনি সিরি-কে ব্যবহার করতে পারবেন বিভিন্ন সিস্টেম ওয়াইড সেটিংয়ে টোগাল করার জন্য, যেমন ওয়াই-ফাই, স্ক্রিন ব্রাইটনেস ও ব্লুটুথে। আপনি ইচ্ছে করলে সিরি-কে ব্যবহার করতে পারেন আইটিউন রেডিও স্টেশন তৈরি করতে এবং টুইটার ও উইকিপিডিয়ার মতো সাইটে সার্চ করতে পারবেন। এ ছাড়া আপনি সিরি-কে ব্যবহার করতে পারবেন টুইটারে কী ধরনের প্রবণতা চালু আছে তা খুঁজে বের করতে।

## প্রত্যেক মেসেজের জন্য ভিউ টাইমস্ট্যাম্পস




মেসেজ অ্যাপের ক্ষেত্রে ভিউটাইমস্ট্যাম্পস এক চমৎকার নতুন ফিচার হলেও এটি তেমন ব্যাপক সাড়া ফেলতে বা নজর কাড়তে পারেনি। আপনি প্রতিটি মেসেজের জন্য স্বতন্ত্র টাইমস্ট্যাম্পস খুব সহজে চেক করে দেখতে পারবেন যেগুলো সেন্ড এবং রিসিভ করবেন যেকোনো টেক্সট আলোচনায় সুইপ করার মাধ্যমে।

## ক্যামেরা অ্যাপে বারস্ট মোড



যথা সময়ে যথাযথ ছবি তোলা কখনো কখনো এক চ্যালেঞ্জিং কাজ হয়ে ওঠে। তাই আইওএস ৭ -এ এ সমস্যা উত্তরণের জন্য চালু করা হয় Burst Mode নামের এক ফিচার।

ক্যামেরা অ্যাপ থেকে ক্যামেরায় শাটারে প্রেস করুন যেমনটি আপনি সাধারণত করে থাকেন, তবে এক্ষেত্রে শাটার চেপে ধরে থাকতে হবে। এর পরপরই আইওএস দ্রুতগতিতে ১০টি ছবি তুলবে এবং যে ছবিটি আপনার দৃষ্টিতে দেখতে সবচেয়ে সুন্দর সে ছবিটিকে বেছে নেয়ার সুযোগ দেবে। তাছাড়া আপনি যদি সিদ্ধান্ত নিতে না পারেন সেরা ছবিটি বেছে নেয়ার ক্ষেত্রে, তাহলেও আইওএস ৭ আপনাকে সহায়তা করবে সেরা ছবিটি নির্বাচন করার ক্ষেত্রে।

## সিরির ভয়েজ পরিবর্তন করা



সিরি দৃশ্যে প্রথম মানানসই হয়ে আবির্ভূত হয় আইফোন ফোর এ। এরপর থেকে সিরি ফিচার ব্যাপকভাবে উন্নত থেকে উন্নততর হতে থাকে। আইওএস ৭-এ সিরির একটি নতুন ফিচার হলো একজন মানুষের ভয়েজ প্রদান করা। একাজটি করার জন্য Settings→ General এ এক্সেস করুন এবং তারপর Siri সিলেক্ট করুন। এখান থেকে Voice Gender অপশনে ট্যাব করতে হবে সিরির ভয়েজকে মানানসই ভয়েজে পরিণত করার জন্য কজ

*ফিডব্যাক : mahmood_sw@yahoo.com*